

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোহাম্মদ জাকির হোসেন  
জেলা প্রশাসক, জয়পুরহাট

সভার তারিখঃ ১৯/০১/২০২০ খ্রি.  
সভার সময়ঃ বিকাল ০৪.০০ টা

সভার স্থানঃ জেলা প্রশাসকের অফিস কক্ষ  
উপস্থিতিঃ পরিশিষ্ট “ক”


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির সদস্য সচিব নেজারত ডেপুটি কালেক্টর, জয়পুরহাট সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা পাঠ করে শুনান। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কল্পে নৈতিকতা কমিটির কর্মপরিকল্পনা সম্পর্কে বিস্তারিত আলোচনা ও নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা ও মতামত	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা বশয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় কর্মকর্তা/কর্মচারীদের যথাযথ প্রশিক্ষণ এবং সেবাগ্রহীতাদের মধ্যে সচেতনতার অভাব শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রধান অন্তরায় মর্মে সভায় আলোচনা করা হয়।	১) জেলা প্রশাসকের কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২) প্রদত্ত সেবা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে শাখা ভিত্তিক সিটিজেন চার্টার অনুসরণ করতে হবে।	১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট ২) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
০২.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও সিটিজেন চার্টার অন লাইনে এবং ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ ও সিটিজেন চার্টার প্রণয়ন করে ইতোমধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। কর্মপরিকল্পনা ও সিটিজেন চার্টার ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয় জয়পুরহাট
০৩.	কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান বিষয়ে সভায় আলোচনা করা হয়। ইতোমধ্যে এ কার্যালয়ে ০২ টি ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন করা হয়েছে। কর্মচারীরা ডিজিটাল হাজিরা মেশিনে নিয়মিত হাজিরা প্রদান করছেন।	কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থানের বিষয়টি নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট ২) এনডিসি, জয়পুরহাট
০৪	এ কার্যালয়ের সকল কার্যক্রম যেমন নথি ব্যবস্থাপনা, টেন্ডার/দরপত্র আহ্বান, বিজ্ঞপ্তি প্রকাশ ইত্যাদি কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পন্ন ও তা ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	এ অফিসের সকল কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পন্ন হচ্ছে। অফিসের সকল কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পন্ন এবং তা নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা জেলা প্রশাসকের কার্যালয় জয়পুরহাট
০৫	জনসাধারণকে সেবা প্রদানের কার্যক্রমকে আরও গতিশীল ও সহজীকরণের লক্ষ্যে ইনোভেশন টিমকে কার্যকর ভূমিকা রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	জনসাধারণকে সেবা প্রদানের কার্যক্রমকে গতিশীল ও সহজীকরণের লক্ষ্যে ইনোভেশন টিমকে আগামী সভার পূর্বে প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা ইনোভেশন টিম জয়পুরহাট

(পাতা-২)

ক্রমিক	আলোচনা ও মতামত	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৬.	দ্বিতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি প্রতি ০৩ মাস অন্তর শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন তৈরীর বিষয়ে আলোচনা হয়।	শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য-সচিব নৈতিকতা কমিটি

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 (মোহাম্মদ জাকির হোসেন)  
 জেলা প্রশাসক  
 জয়পুরহাট  
 ফোনঃ (+৮৮)০৫৭১-৬২২০৮  
 ফ্যাক্সঃ (+৮৮)০৫৭১-৬২৫৪৬  
[dcjoypurhat@mopa.gov.bd](mailto:dcjoypurhat@mopa.gov.bd)


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 জেলা প্রশাসকের কার্যালয়  
 জয়পুরহাট  
[www.joypurhat.gov.bd](http://www.joypurhat.gov.bd)

পত্র নং-০৫.৪৩.৩৮০০.০০৬.০৪.১০৪.১৭-

তারিখঃ ১০/২০২০ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০২। উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, .....  
 জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
- ০৬। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
- ০৭। জনাব .....
- ০৮। অফিস কপি

  
 (মোঃ শাহরিয়ার হক)  
 নেজারত ডেপুটি কালেক্টর  
 জয়পুরহাট  
 ও  
 সদস্য সচিব  
 জেলা নৈতিকতা কমিটি  
 ফোনঃ (+৮৮)০৫৭১-৬২২২২